কোটচাঁদপুরে মাছ আর ভেড়া চাষে বদলে গেছে জামির হোসেনের পরিবার

মাছ আর ভেড়া চাষে বদলে গেছে জামির হোসেনের পরিবার। উদ্যোক্তাদের অনুকরণীয় হতে পারেন ওই পরিবারটি। প্রথমত স্বপ্ন থাকতে হবে, আর ওই স্বপ্ন বাস্তবায়ন করতে পারলেই সফলতা আসবেই বলে জানালেন উদ্যোক্তা জামির হোসেন । এই পরিবারটি বসবাস করেন কোটচাঁদপুর উপজেলার সংলগ্ন চুয়াডাঙ্গার বাটিকাডাঙ্গা গ্রামে।

জানা যায়, কোটচাঁদপুর উপজেলার দোড়া ইউনিয়নের ভোমরাডাঙ্গা বাজার। ওই বাজার সংলগ্ন গ্রামের বাসিন্দা জামির হোসেনের পরিবার। সে বাটিকাডাঙ্গা গ্রামের ওমর আলীর ছেলে। জামির হোসেন। বয়স ৩২ বছর।

তিন ভাই ও এক বোনের মধ্যে জামির হোসেন সবার ছোট। লেখা পড়া বেশি দুর করতে পারেনি সে। পরিবারের উপর অভিমান করে ২০০৬ সালের দিকে ঢাকা চলে যান জামির হোসেন। কাজ নেন গার্মেন্টসে। পাশাপাশি করতেন ব্যবসা। এভাবে চলে দীর্ঘ ১০ বছর।

এরপর ২০১৬ সালের দিকে বাড়িতে এসে ব্যবসার সাথে শুরু করেন মাছের চাষ। সেই থেকে আর পিছন ফিরে দেখতে হয়নি তাঁর। বর্তমানে ৯০ বিঘা পুকুরে মাছের চাষ করছেন জামির হোসেনের । এ ছাড়া ৯০ টি ভাড়া, গরু ও ছাগল রয়েছে তাদের ফার্মে। যা দেখা শোনো করেন পিতা ওমর আলী।

এ সব নিয়ে উদ্যোক্তাতা জামির হোসেন বলেন, তিন ভাই এক বোন আর পিতা-মাতা নিয়ে আমাদের পরিবার। পিতা ছিলেন দিন মুজুর। আমরা বড় হওয়ার পর লেখা পড়ার পাশাপাশি কাজ শুরু করি।

তবে কোন এক কারনে জীবনে লেখা পড়া বেশি দুর করা হয়নি। এরপর ২০০৬ সালের দিকে পরিবারের মানুষদের উপর অভিমান করে ঢাকা চলে যায়। ওখানে গিয়ে গার্মেন্টেসে কাজ শুরু করি। পাশাপাশি ছিল ব্যবসা।

২০১৬ সালের দিকে বাড়িতে ফিরে এসে ব্যবসার পাশাপাশি শুরু করি মাছের চাষ। ব্যবসা ও মাছ চাষের বিনিয়োগ নিয়ে প্রশ্ন করলে তিনি বলেন, ঢাকাতে থাকতে কিছু টাকা জমিয়ে ছিলাম। সেই টাকা দিয়ে প্রথমে

[redacted]

[redacted]

ইন্সেপেক্টর আব্দুর রহিম। এ ছাড়া সঙ্গীয় পুলিশ সদস্য ছিলেন রাকিবুল ইসলাম ও মিজানুর রহমান।

এ ব্যাপারে ঝিনাইদহের বিশেষ শাখার পুলিশ সুপার (ভারপ্রাপ্ত) কাজী কামাল বলেন, ওই ঘটনায় এনামুল হকের ভাই বিএম তারিকুজ্জামান গেল ০১/০১/২৪ তারিখে মামলা দায়ের করেন। এরপর মামলাটি এজাহার হিসেবে নিতে কোটচাঁদপুর থানার অফিসার ইনর্চাজকে নির্দেশ দেন আদালত।

তিনি বলেন ওই মামলাটি থানায় এজাহার হওয়ার পর তা গেল ১৬/১০/২৪ তারিখে আদেশ পান তদন্তের। তাঁর ধারাবাহিকতায় তদন্ত শুরু হয়েছে। তদন্তের পর মামলা সম্পর্কে আরো বিস্তারিত বলা সম্ভব হবে বলেন ওই কর্মকর্তা।

কোটচাঁদপুরে কৃষি উপকরনের ক্ষতিকর প্রভাব বিষয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত

নকল ও ভেজাল কৃষি উপকরনে ক্ষতিকর প্রভাব বিষয়ক জনসচেতনতা মূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার কোটচাঁদপুরে সিনজেনটা বাংলাদেশ লিমিটেডের সহযোগিতায় অফিসার্স ক্লাব মিলনায়তনে এ সভা করা হয়।

সভায় উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ রাজিবুল হাসান সভাপতিত্ব করেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোটচাঁদপুর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কবির হোসেন মাতুব্বর।

প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন সিনজেনটার কর্পোরেট সিকুরিটি ম্যানেজার (অবঃ) মেজর জামাল হায়দার।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন সিনজেনটার এরিয়া সেলস ম্যানেজার কৃষিবিদ আল-মুজাহিদ মৃদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত কৃষি অফিসার কৃষিবিদ এস.এম. নাজমুস সাকিব শাহিন, সিনজেনটা পরিবেশক দেলওয়ার হোসেন।

সভায় নকল ও ভেজাল পণ্যের কুফল তুলে ধরে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিবৃন্দরা।

বাওড় ফেরানোর দাবিতে কোটচাঁদপুরে মৎস্যজীবীদের মানববন্ধন

ইজারার সাড়ে চার বছর থাকতেই বাওড় ফেরানোর দাবিতে কোটচাঁদপুরে মানববন্ধন করেছেন ঝিনাইদহ-যশোর বাওড় মৎস্যজীবী আন্দোলনের নেতৃবৃন্দ।

আজ রবিবার বেলা ১২ টার সময় বলুহর বাওড়ের সিংঙ্গিয়া অংশে এ মানববন্ধন করেন তারা। এদিকে বাওড়ে বিশৃঙ্খলা সৃষ্টি করে দখলের পায়তারা চালাচ্ছেন বলে অভিযোগ তুলেছেন ভুক্তভোগী ইজারাদারেরা।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বৃহত্তর যশোর অঞ্চলে ৬ টি বাওড় আছে । যার মধ্যে রয়েছে বলুহর, জয়দিয়া, কাঠগড়া, ফতেপুর, মর্জাদ ও বেড়গোবিন্দপুর। এ সব বাওড়ের মধ্যে কোটচাঁদপুর উপজেলায় বড় দুইটি বাওড়ের একটি বলুহর ও অন্যটি জয়দিয়া বাওড়। বাওড়গুলো দীর্ঘদিন সরকারি ভাবে চাষ করে আসছিল বাওড় পাড়ের মৎস্যজীবিরা। তবে প্রতি বছর এ সব বাওড়ে সরকারের লোকসান হত।

এ কারনে ২০২২ সালে ভূমি মন্ত্রণালয় বাঁওড়গুলোকে মৎস্য অধিদপ্তর থেকে নিয়ে দরপত্রের মাধ্যমে ইজারার ব্যবস্থা করেন। সে সময় মৎস্যজীবীরা একের পর এক আন্দোলন করেন ইজারা বাতিল করে বাওড় ফেরানোর দাবিতে। ওই আন্দোলনে কোন লাভ হয় না তাদের। পরে ওই বাওড়গুলো স্থানীয় ভূমি অফিস ও সহকারী কমিশনার (ভূমি) কর্মকর্তা ইজারা প্রাপ্তদের বাওড়গুলো বুঝিয়ে দেন। সে থেকে তারা বাওড়ে চাষ করে আসছেন।

গেল ৫ আগষ্ট সরকার বদলের পর থেকে তারা আবারও আন্দোলনের প্রস্তুতি চালাচ্ছেন। এরই অংশ হিসেবে ঝিনাইদহ – যশোর মৎস্যজীবি

[redacted]

“[redacted]” [redacted] [redacted] [redacted]

কোটচাঁদপুরে আগুনে পুড়ে ৩টি দোকান ছাই

ঝিনাইদহের কোটচাঁদপুরে আগুনে পুড়ে তিনটি দোকান ভূষ্মিভুত হয়ে গেছে। আজ বুধবার (৩০ অক্টোবর) সকাল সাড়ে ৮ টার দিকে উপজেলার ব্রীজ ঘাট এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, ব্রীজঘাট এলাকায় ইউসুফ ইলেকট্রনিক দোকানের বন্ধ ঘর থেকে ধোঁয়া বের হতে দেখা যায়। টিন ও কাঠের দোকান হওয়ায় আগুন দ্রুত চারপাশে ছড়িয়ে পড়ে। খবর পেয়ে কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট ঘটনাস্থলে এসে আগুন নিভানোর কাজ শুরু করে। দীর্ঘ ৩৫ মিনিটের চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে।

প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে বৈদ্যুতিক শর্ট সার্কিটের কারণে আগুন লাগতে পারে। আগুনে পুড়ে যাওয়া ৩টি দোকানের মধ্যে দুইটি দোকানে প্রায় ৫ থেকে ৬ লক্ষ টাকার মালামাল পুড়ে গেছে বলে দাবি ওই ব্যবসায়ীদের।

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কমিটির সংবর্ধনা

কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কামটিকে সংবর্ধনা দেয়া হয়েছে। আজ মঙ্গলবার সকালে কলেজের হলরুমে এ সংবর্ধনা দেন কলেজের শিক্ষক ও শিক্ষার্থীরা।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) শহিদুল ইসলাম। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌর মহিলা কলেজের নবগঠিত এডহক কমিটির সভাপতি ও কোটচাঁদপুর উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এ কে এম সালাহউদ্দিন বুলবুল (সিডল), উপজেলা

জামায়াতের আমীর ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান মোয়াবিয়া হোসাইন, পৌর মহিলা কলেজের প্রতিষ্ঠাতা সদস্য ও পৌর সভার সাবেক মেয়র একে এম সিরাজুল হক সিরু মিয়ার সহধর্মিণী কামরুন নাহার (ডলি), এডহক কমিটির সদস্য ও শিক্ষক রবিউল ইসলাম, শিক্ষক প্রতিনিধি আবু বকর সিদ্দিক।

এ ছাড়া কলেজ প্রতিষ্ঠার স্মৃতিচারন করে বক্তব্য রাখেন, বিএনপি নেতা রেকজাউল ইসলাম, প্রাক্তন শিক্ষক মহাসিন আলী।

কোটচাঁদপুরে ৫৩তম জাতীয় সমবায় দিবস পালনে প্রস্তুতি সভা

কোটচাঁদপুরে ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালনে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২১ অক্টোবর) সকালে উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়ে এ সভা করা হয়।

এ সভায় সভাপতিত্ব করেন, কোটচাঁদপুর উপজেলা সমবায় কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) শ.ম রাশিদুল আলম।

এ ছাড়া উপস্থিত ছিলেন, উপজেলা সমবায় অফিসের অডিট কর্মকর্তা তহমিনা আকতার, কোটচাঁদপুর ধানসিঁড়ি সমবায় সমিতির সভাপতি সুব্রত কুমার, রুপসী বাংলা সঞ্চয় ও ঋণদান সমিতির সভাপতি শহিদুল ইসলাম, দুতিয়ার কুঠি মৎস্য সমবায় সমিতির সভাপতি পতিত পাবন, ফেন্ডস সঞ্চয় ও ঋণদান সমিতির সাধারণ সম্পাদক জাহাঙ্গীর হোসেন,ঊষা সঞ্চয় ও ঋণদান সমিতির সদস্য সোহেল রানা, কোটচাঁদপুর কুম্ভোকর সমবায় সমিতির লিমিটেড সভাপতি গোবিন্দ পাল, শাপলা সঞ্চয় ও ঋণদান সমিতির সভাপতি রমজান আলী।

সভায় আগামী ২ নভেম্বর ৫৩ তম জাতীয় সমবায় দিবস পালনে করনীয় নিয়ে প্রস্তুতি সভা করা হয়।

কোটচাঁদপুরে ৫ ম শ্রেনীর ছাত্রী ধর্ষন অভিযোগ

কোটচাঁদপুরে ৫ম শ্রেনীর ছাত্রী ধর্ষনের অভিযোগে থানায় এজাহার দায়ের করেছেন ওই ছাত্রীর মা। আজ শনিবার (১২ অক্টোবর) সকালে এজাহার করেন তিনি। পুলিশ ওই ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগ কুদু মিয়া নামে একজন আটক করেছেন।

ভুক্তভোগীর মা বলেন, গেল ৯ অক্টোবর দুপুর ২ টার সময় আমার মেয়ে একা ঘরে শুয়ে ছিল। এ সময় পাশের বাড়ির মোহাম্মদ কুদু মিয়া (২৩) ঘরে যান। এরপর তাঁর হাত ও মুখ বেঁধে তাঁকে ধর্ষন করেন। এ ঘটনার পর আমার মেয়ে আমাকে বিস্তারিত বলেন। বিষয়টি নিয়ে তাঁরা আমাকে মিমাংসার জন্য চাপ সৃষ্টি করেন। এ কারনে থানায় এসে আইনের সহায়তা নেয়া সম্ভব হয়নি। কুদু মিয়া কোটচাঁদপুরের সাবদারপুর হঠাৎ পাড়ার হাসু মিয়ার ছেলে।

এদিকে পুলিশ এজাহার পাওয়ার পর অভিযানে যান কুদু মিয়াকে আটকের। ওই অভিযানে পুলিশ তাঁকে আটক করতে সক্ষম হয়েছেন বলে জানিয়েছেন কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সৈয়দ আল মামুন।

তিনি বলেন, ভুক্তভোগীর এজাহার হাতে পাওয়ার পর কুদু ধরতে অভিযান চালানো হয়। এরপর তাঁকে সাবদারপুরের তাঁর নিজ বাড়ি থেকে আটক করা হয়। এ ছাড়া ভিকটিমকে ডাক্তারি পরিক্ষার জন্য পুলিশ হেফাজতে নেয়া হয়েছে। এ রিপোর্ট লেখা পর্যন্ত থানায় মামলার প্রস্তুতি চলছিল।

কোটচাঁদপুরে প্রতিবন্ধী

জহুরাকে হুইল চেয়ার ও চেক প্রদান

প্রতিবন্ধী জহুরাকে হুইল চেয়ার ও চেক তুলে দিলেন কোটচাঁদপুরের উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে। আজ বৃহস্পতিবার সকালে তাঁকে এ সব দেয়া হয়।

সম্প্রতি প্রতিবন্ধী জহুরাকে নিয়ে বেশ কিছু পত্রিকা ও অনলাইন পোটালে সংবাদ প্রকাশিত হয়। তুলে ধরা হয় তাঁর জীবন জীবিকা ও তাঁর বাস্তব ছবি।

সংবাদটি দৃষ্টি গোচর হয় কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মের ওই সময় তিনি জহুরার সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন।

এরপেক্ষিতে আজ বৃহস্পতিবার সকালে জহুরাকে হুইল চেয়ার ও তাঁর বাসস্থান তৈরিতে চেক দেন তিনি। এ সময় উপস্থিত ছিলেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জান্নাতুল মাওয়া, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, শিক্ষা কর্মকর্তা সাকি সালাম।